



জেলা পরিষদ
ফেনী।
www.zpfeni.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- জেপফে/সা:/বৃত্তি/১৯/২০১৭/৪৪০

তারিখ: ২২/০৭/১৭ খ্রি:

এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

বাংলাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে ২০১৭ সনে এসএসসি/সমমান, এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কলেজসহ), স্নাতক/স্নাতকোত্তর এবং বিভিন্ন মেডিকেল কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলেজে অধ্যয়নরত ফেনী জেলার স্থায়ী বাসিন্দা মেধাবী ও গরীব ছাত্র-ছাত্রীদেরকে ফেনী জেলা পরিষদ হতে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাধীনে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

শর্তাবলী

- ১। আবেদনকারী ছাত্র/ ছাত্রীদের অবশ্যই ফেনী জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- ২। আবেদনের সাথে সংশ্লিষ্ট মেয়র/কাউন্সেলর/ইউ.পি. চেয়ারম্যান কর্তৃক আর্থিক অস্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে।
- ৩। এস এস সি/সমমান এবং এইচ এস সি/সমমানের পরীক্ষায় শুধুমাত্র ২০১৭ সালে উত্তীর্ণ সকল বিভাগের ছাত্র/ছাত্রীর জিপিএ ৫.০০ থাকতে হবে। অন্যান্য আবেদনের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচ এসসি/সমমান পর্যায়ে অবশ্যই জিপিএ ৫.০০ থাকতে হবে।
- ৪। মুক্তিযোদ্ধা পোষ্যদের এবং প্রতিবন্ধী প্রার্থীদের সর্বক্ষেত্রে কমপক্ষে জিপিএ ৪.৫০ থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা পোষ্যদের প্রমাণের জন্য সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধাদের কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি এবং প্রতিবন্ধী প্রমাণের ক্ষেত্রে উপজেলা / জেলা সমাজসেবা কার্যালয় থেকে প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ৫। বৃত্তির নির্ধারিত ফরম আগামী ১৯/১১/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ফেনী জেলা পরিষদ হতে এবং ফেনী জেলা পরিষদের ওয়েব সাইট www.zpfeni.gov.bd হতে সংগ্রহ/ ডাউনলোড করা যাবে।
- ৬। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমানসহ সর্বশেষ পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৭। আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের / বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামতসহ আগামী ২০/১১/২০১৭ খ্রি: তারিখের মধ্যে ফেনী জেলা পরিষদে সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ/বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামত ব্যতীত যে কোন আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৮। আবেদনকারী কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করলে বা অসম্পূর্ণ আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৯। বিগত বছর যারা এককালীন শিক্ষাবৃত্তি পেয়েছেন তারা আবেদন করার প্রয়োজন নেই।
- ১০। কর্তৃপক্ষ উল্লেখিত শর্তসহ যে কোন শর্ত সংযোজন/ সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

উল্লেখিত বৃত্তির বিষয়ে যাবতীয় তথ্যাবলী ফেনী জেলা পরিষদের অফিস হতে এবং জেলা পরিষদের ওয়েব সাইট- www.zpfeni.gov.bd থেকে জানা যাবে।

S. L. Khan
শারমিন জাহান

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ফেনী।
ফোন: ০৩৩১-৬১৪০১

E-mail: ceo@zpfeni.gov.bd

তারিখ: ২২/০৭/১৭ খ্রি:

স্মারক নং- জেপফে/সা:/বৃত্তি/১৯/২০১৭- ৪৪০ (৫০)

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। জেলা প্রশাসক, ফেনী।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, ফেনী।
- ৬। পুলিশ সুপার, ফেনী।
- ৭। অধ্যক্ষ, ফেনী কলেজ, ফেনী।
- ৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী।
- ৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেনী সদর/সোনাগাজী/ফুলগাজী/পরশুরাম/দাগণডুঞ্জী/ছাগলনাইয়া, ফেনী।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর/সোনাগাজী/ফুলগাজী/পরশুরাম/দাগণডুঞ্জী/ছাগলনাইয়া, ফেনী।
- ১১। মেয়র ফেনী /সোনাগাজী/দাগণডুঞ্জী/ছাগলনাইয়া/পরশুরাম পৌরসভা, ফেনী।